# ঈমানের পরীক্ষা অনিবার্য

বিসমিল্লাহির রাহমানির রাহিম

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহু

আজকের আলোচনার বিষয়বস্তু ‘‘ঈমানের পরীক্ষা অনিবার্য’’ পবিত্র কুরআনুল কারীমে সূরা আল আনকাবুতের ২ নম্বর আয়াত থেকে ১৩ নম্বর আয়াতে আল্লাহ তা'আলা ইরশাদ করেন:

**১। ঈমানের পরীক্ষা অবশ্যই নেয়া হবে।**

أَحَسِبَ ٱلنَّاسُ أَن يُتْرَكُوٓا۟ أَن يَقُولُوٓا۟ ءَامَنَّا وَهُمْ لَا يُفْتَنُونَ ﴿٢﴾

মানুষ কি মনে করে যে, ‘আমরা ঈমান আনিয়াছি' এই কথা বলিলেই উহাদেরকে পরীক্ষা না করিয়া অব্যাহতি দেওয়া হইবে ? সূরা আল আনকাবুত ২৯ঃ ২

**২। পরীক্ষার মাধ্যমে জেনে নেয়া হবে, কারা ঈমানের দাবিতে সত্যবাদী, আর কারা মিথ্যাবাদী।**

وَلَقَدْ فَتَنَّا ٱلَّذِينَ مِن قَبْلِهِمْ فَلَيَعْلَمَنَّ ٱللَّهُ ٱلَّذِينَ صَدَقُوا۟ وَلَيَعْلَمَنَّ ٱلْكَٰذِبِينَ ﴿٣﴾

আমি তো ইহাদের পূর্ববর্তীদেরকেও পরীক্ষা করিয়াছিলাম ; আল্লাহ্ অবশ্যই প্রকাশ করিয়া দিবেন কাহারা সত্যবাদী এবং তিনি অবশ্যই প্রকাশ করিয়া দিবেন কাহারা মিথ্যাবাদী । সূরা আল আনকাবুত ২৯ঃ ৩

**৩। মন্দ কর্মে লিপ্তরা আল্লাহ তা’য়ালাকে পরাজিত করতে পারবে না।**

أَمْ حَسِبَ ٱلَّذِينَ يَعْمَلُونَ ٱلسَّيِّـَٔاتِ أَن يَسْبِقُونَا سَآءَ مَا يَحْكُمُونَ ﴿٤﴾

তবে কি যাহারা মন্দ কর্ম করে তাহারা মনে করে যে, তাহারা আমার আয়ত্তের বাহিরে চলিয়া যাইবে ? তাহাদের সিদ্ধান্ত কত মন্দ! সূরা আল আনকাবুত ২৯ঃ ৪

**৪। কিয়ামত অবশ্যই অনুষ্ঠিত হবে, এবং আল্লাহর সাথে সাক্ষাত হবে।**

مَن كَانَ يَرْجُو لِقَآءَ اَللهِ فَإِنَّ أَجَلَ اَللهِ لآتٍ وَهُوَ اَلسَّمِيعُ اَلْعَلِيمُ ﴿٥﴾

যে আল্লাহ্‌র সাক্ষাৎ কামনা করে সে জানিয়া রাখুক, আল্লাহ্‌র নির্ধারিত কাল আসিবেই। তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ। সূরা আল আনকাবুত ২৯ঃ ৫

**৫। মানুষের জিহাদ (সব ধরনের প্রচেষ্টা) নিজের কল্যাণের জন্যই।**

وَمَن جَاهَدَ فَإِنَّمَا يُجَاهِدُ لِنَفْسِهِ إِنَّ اَللهَ لَغَنِيٌّ عَنِ الْعَالَمِيْنَ ﴿٦﴾

যে কেহ সাধনা করে, সে তো নিজের জন্যই সাধনা করে ; আল্লাহ্ তো বিশ্বজগৎ হইতে অমুখাপেক্ষী। সূরা আল আনকাবুত ২৯ঃ ৬

**৬। ঈমানদার ও সৎকর্মশীলদের মন্দকর্মসমূহ মুছে দেয়া হবে।**

وَاَلَّذِينَ آمَنُواْ وَعَمِلُواْ اَلصَّالِحَاتِ لَنُكَفِّرَنَّ عَنْهُمْ سَيِّئَاتِهِمْ وَلَنَجْزِيَنَّهُمْ أَحْسَنَ اَلَّذِى
كَانُواْ يَعْمَلُونَ﴿٧﴾

এবং যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে আমি নিশ্চয়ই তাহাদের হইতে তাহাদের মন্দ কর্মগুলি মিটাইয়া দিব এবং আমি অবশ্যই তাহাদেরকে প্রতিদান দিব, তাহারা যে উত্তম কর্ম করিত তাহার। সূরা আল আনকাবুত ২৯ঃ ৭

**৭। শিরক ও কুফুরির পক্ষে পিতা-মাতার আদেশ মানা যাবে না।**

وَوَصَّيْنَا اَلإِنْسَانَ بِوَالِدَيْهِ حُسْناً وَإِن جَاهَدَاكَ لِتُشْرِكَ بِى مَا لَيْسَ لَكَ بِهِ عِلْمٌ فَلاَ
تُطِعْهُمَآ إِلَىَّ مَرْجِعُكُمْ فَأُنَبِّئُكُم بِمَا كُنتُمْ تَعْمَلُونَ ﴿٨﴾

আমি মানুষকে নির্দেশ দিয়াছি তাহার পিতামাতার প্রতি সদ্ব্যবহার করিতে। তবে উহারা যদি তোমার উপর বল প্রয়োগ করে আমার সঙ্গে এমন কিছু শরীক করিতে যাহার সম্পর্কে তোমার কোন জ্ঞান

নাই, তুমি তাহাদেরকে মানিও না। আমারই নিকট তোমাদের প্রত্যাবর্তন। অতঃপর আমি তোমাদেরকে জানাইয়া দিব তোমরা কী করিতেছিলে। সূরা আল আনকাবুত ২৯ঃ ৮

**৯। ঈমানের পথে দুনিয়ায় মানুষের অত্যাচার এমন কঠিন নয় যে, তুমি ইমান ছেড়ে দেবে। তাহলে তুমি আল্লাহর কঠোর আযাবের সম্মুখীন হবে।**

وَٱلَّذِينَ آمَنُوا۟ وَعَمِلُوا۟ ٱلصَّـٰلِحَـٰتِ لَنُدْخِلَنَّهُمْ فِى ٱلصَّـٰلِحِينَ ﴿٩﴾

যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে আমি অবশ্যই তাহাদেরকে সৎকর্মপরায়ণদের অন্তর্ভুক্ত করিব। সূরা আল আনকাবুত ২৯ঃ ৯

**১০। আল্লাহ অবশ্যই উন্মোচন করবেন, কে ঈমানদার আর কে মুনাফিক।**

وَمِنَ ٱلنَّاسِ مَن يَقُولُ آمَنَّا بِٱللَّهِ فَإِذَآ أُوذِىَ فِى ٱللَّهِ جَعَلَ فِتْنَةَ ٱلنَّاسِ كَعَذَابِ ٱللَّهِ وَلَئِنْ جَآءَ نَصْرٌ مِّن رَّبِّكَ لَيَقُولُنَّ إِنَّا كُنَّا مَعَكُمْ أَوَ لَيْسَ ٱللَّهُ بِأَعْلَمَ بِمَا فِى صُدُورِ ٱلْعَـٰلَمِينَ ﴿١٠﴾

মানুষের মধ্যে কতক বলে, 'আমরা আল্লাহে বিশ্বাস করি, কিন্তু আল্লাহ্‌র পথে যখন উহারা নিগৃহীত হয়, তখন উহারা মানুষের পীড়নকে আল্লাহ্‌র শাস্তির মত গণ্য করে এবং তোমার প্রতিপালকের নিকট হইতে কোন সাহায্য আসিলে উহারা বলিতে থাকে, 'আমরা তো তোমাদের সঙ্গেই ছিলাম।' বিশ্ববাসীর অন্তঃকরণে যাহা আছে, আল্লাহ্ কি তাহা সম্যক অবগত নহেন?' সূরা আল আনকাবুত ২৯ঃ ১০

**১১। কাফিররা মিথ্যাবাদী। তারা বলে, ঈমানদারদের পাপের বোঝা বহন করবে। আসলে তারা ঈমানদারদের পাপের কোন বোঝা বহন করবে না।**

وَلَيَعْلَمَنَّ ٱللَّهُ ٱلَّذِينَ آمَنُوا۟ وَلَيَعْلَمَنَّ ٱلْمُنَـٰفِقِينَ ﴿١١﴾

আল্লাহ্ অবশ্যই প্রকাশ করিয়া দিবেন কাহারা ঈমান আনিয়াছে এবং অবশ্যই প্রকাশ করিয়া দিবেন কাহারা মুনাফিক। সূরা আল আনকাবুত ২৯ঃ ১১

**১২। কাফিররা নিজেদের পাপের বোঝা এবং অন্যদের পাপের বোঝাও বহন করবে।**

وَقَالَ ٱلَّذِينَ كَفَرُواْ لِلَّذِينَ آمَنُواْ ٱتَّبِعُواْ سَبِيلَنَا وَلْنَحْمِلْ خَطَايَاكُمْ وَمَا هُمْ بِحَامِلِينَ مِنْ خَطَايَاهُمْ مِّن شَيْءٍ إِنَّهُمْ لَكَاذِبُونَ ﴿١٢﴾

কাফিররা মু'মিনদেরকে বলে, 'আমাদের পথ অনুসরণ কর তাহা হইলে আমরা তোমাদেও পাপভার বহন করিব।' কিন্তু উহারা তো তাহাদের পাপভারের কিছুই বহন করিবে না। উহারা অবশ্যই মিথ্যাবাদী। সূরা আল আনকাবুত ২৯ঃ **১২**

وَلَيَحْمِلُنَّ أَثْقَالَهُمْ وَأَثْقَالاً مَّعَ أَثْقَالِهِمْ وَلَيُسْأَلُنَّ يَوْمَ ٱلْقِيَامَةِ عَمَّا كَانُواْ يَفْتَرُونَ ﴿١٣﴾

উহারা নিজেদের ভার বহন করিবে এবং নিজেদের বোঝার সঙ্গে আরও কিছু বোঝা ; আর উহারা যে মিথ্যা উদ্ভাবন করে সে সম্পর্কে কিয়ামত দিবসে অবশ্যই উহাদেরকে প্রশ্ন করা হইবে। সূরা আল আনকাবুত ২৯ঃ **১৩**

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা, উপরের ১২ টি আয়াত ধীরে ধীরে বারবার তেলাওয়াত করুন। অর্থ বুঝে বুঝে নিজের অন্তরে এর মর্মার্থ গেঁথে নেয়ার চেষ্টা করুন। আল্লাহর কাছে কায়মনোবাক্যে দোয়া করুন, হে আল্লাহ, আমাকে কুরআন বুঝার, হৃদয়ঙ্গম করার তৌফিক দান করুন। আমার বক্ষকে কুরআন বুঝার জন্য খুলে দিন। এবং কোরআন মোতাবেক দুনিয়ায় আমাকে জীবন-যাপন করার সুযোগ করে দিন।

প্রিয় ভাই ও বোনেরা, কুরআন বুঝা এবং সে মোতাবেক আমল করা সহজ। যেটা আল্লাহর পবিত্র কোরআনে স্পষ্ট ভাবে বর্ণনা করেছেন।

তবে, ঈমানের সত্যবাদিতার পরীক্ষা আল্লাহ অবশ্যই নিবেন। হে আল্লাহ, ঈমানের পরীক্ষার সময় আমাদেরকে ঈমানের উপর অটল রাখো। তোমারই ইবাদত আমরা করি এবং তোমার কাছেই সাহায্য প্রার্থনা করি। আমাদেরকে COVID-19 এর পরীক্ষা থেকে শিক্ষা গ্রহণ করার তৌফিক দান করো। আমাদেরকে ক্ষমা করো। সকল বিপদ আপদ থেকে আমাদেরকে মুক্ত করো। আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহু।